"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮০-২-৮১৮১৯২২
ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

সূত্র নং: ৩৯.০৭.০০০০.০১৪.০১.২১.২০২০-/৯৬৮

তারিখঃ ২৬/০৭/২০২০খ্রি.

বিষয়ঃ **বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন (বই) আকারে প্রকাশের জন্য তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র নং: ৩৯.০০.০০০০.০০২.১৬.০৩১.২০.১৪৭; তারিখ: ০২ জুলাই ২০২০

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২০১৯-২০২০ অর্থবছরের সার্বিক কর্মকান্ড, উল্লেখযোগ্য অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনাসহ উপর্যুক্ত তথ্যসমূহ এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

26/07/2020

(প্রকৌঃ মোঃ মোজাম্মেল হক)
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ফোন:৮৮-০২-৮১৮১৩৮৬

সিনিয়র সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।

# বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)

ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭

www.baera.gov.bd

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

## পটভূমি:

স্বাধীনতার পর থেকেই বাংলাদেশে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তি চিকিৎসা, শিল্প, গবেষণা এবং কৃষিখাতে ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে আসছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বলিষ্ঠ নেতৃত্বে ১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের পর দেশে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তির শান্তি পূর্ণ ব্যবহার ত্বরান্বিত করার জন্য ১৯৭৩ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে (১৯৭৩ সালের ১৫নং আইন) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন প্রতিষ্ঠিত হয়েছিল। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের দায়িত্বে বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে জনসাধারণ ও পরিবেশের সুরক্ষার জন্য সরকার কর্তৃক ১৯৯৩ সালে পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) আইন, ১৯৯৩ জারী করা হয় এবং পরবর্তীতে এতদ্সংক্রান্ত পানিবিনি বিধিমালা-১৯৯৭ প্রজ্ঞাপিত হয়। "২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ" বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমান সরকার রূপপুরে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং সরকারের অগ্রাধিকার প্রাপ্ত ছয়টি (০৬) প্রকল্পের মধ্যে এটিকে চিহ্নিত করা হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এবং দেশের অন্যান্য নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসমূহের যথাযোগ্য নিরাপত্তা ও নিয়ন্ত্রণ সুনিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পানিবিনি আইন, ১৯৯৩ বাতিল ও সংহতকরণ পূর্বক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ প্রণয়ন করেন। উক্ত আইন মোতাবেক গত ১২ ফেব্রুয়ারী ২০১৩ খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) প্রতিষ্ঠিত হয়।

## রূপকল্প (Vision) :

একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘ মেয়াদি নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণ।

## অভিলক্ষ্য (Mission) :

জনসাধারণ এবং বিকিরণকর্মীদের জীবন ও স্বাস্থ্য সুরক্ষা এবং পরিবেশে বিরূপ প্রতিক্রিয়া নিয়ন্ত্রণের নিমিত্তে নিরাপত্তা, সিকউরিটি, বিকিরণ সুরক্ষা ও সেফগার্ডস সংশ্লিষ্ট নিউক্লীয় নিয়ন্ত্রণমূলক কর্মসূচীর যথাযথ প্রতিপালন।



প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) -এর প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো ও জনবল

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ-এর প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত ৩৬০টি পদের মধ্যে একজন চেয়ারম্যান ও ৪ (চার)জন সদস্যসহ মোট ১০৮ টি পদ সৃজিত হয়েছে। তার মধ্যে ৪৯ টি পদে কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছেন। এছাড়া বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ৪৬ জন কর্মকর্তা/কর্মচারী বাপশনিক এ স্ব-বেতনে কর্মরত আছে।

ORGANOGRAM
Of
Bangladesh Atomic Energy Regulatory Authority




প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

# বাপশনিক এর কার্যক্রম

## বাপশনিক এর প্রধান কার্যাবলি (Main Functions):

- দেশে নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং তদাধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার পরিপূর্ণ বাস্তবায়ন;
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ধারা-১৮ অনুযায়ী সকল ধরনের নিউক্লীয় ও বিকিরণ স্থাপনা এবং নিউক্লীয় ও অন্যান্য তেজস্ক্রীয় পদার্থ এবং এদের বর্জ্য ও বিকিরণ উৎপন্নকারী যন্ত্রপাতির লাইসেন্স ও পারমিট প্রদান, নবায়ন, অব্যাহতি প্রদান, স্থগিত এবং বাতিলকরণ;
- আয়নায়নকারী বিকিরণ এর সম্ভাব্য ঝুঁকির বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জনসাধারণসহ সকল অংশীজনদের সাথে সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং ইলেক্ট্রনিক, প্রিন্টমিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে তথ্য প্রদান ও পরামর্শ;
- নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসহ সকল নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থের ভৌত সুরক্ষা, সেফগার্ডস এবং অবৈধ পাচারসহ নিউক্লীয় নিরাপত্তা, বিকিরণ সুরক্ষা ও রেডিওলজিক্যাল জরুরী ব্যবস্থা সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, এগ্রিমেন্ট, প্রটোকল ও কনভেনশন বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম পরিচালনা;
- নিউক্লীয় নিরাপত্তা এবং বিকিরণ সুরক্ষা বিষয়ে বিদেশী নিউক্লীয় নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক সংস্থা ও এজেন্সীর সাথে পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা; এবং
- কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও পরিচালনা।

## ২০১৯-২০২০ অর্থবছরে বাপশনিক এর উল্লেখযোগ্য কার্যাবলী:

### প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ এর কার্যাবলী:

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ ও বিকিরণ বিধিমালা ১৯৯৭ অনুযায়ী বর্ণিত বিভাগ জনসাধারণ, বিকিরণ কর্মী ও পরিবেশের উপর আয়নায়নকারী বিকিরণের ঝুঁকি হ্রাসের লক্ষ্যে সুষ্ঠুভাবে বিকিরণ উৎস ব্যবহারের নিমিত্তে বিকিরণ কর্মী ও বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করে আসছে। উল্লেখিত প্রশিক্ষণ সমাপ্তির পর বর্ণিত বিভাগ পরীক্ষা গ্রহণ এবং সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের (RCO) সনদ প্রদান করে থাকে।

- বর্ণিত বিভাগ কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে ফ্যাসিলিটি অপারেটরদের জন্য আয়োজিত বিকিরণ সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স/কর্মশালা:
  - প্রশিক্ষণ কোর্সের সংখ্যা: ১১ টি
  - প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩৬৩ জন
  - বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের মূল সনদ দেয়ার লক্ষ্যে মোট পরীক্ষার সংখ্যা: ১৮ টি
  - পরীক্ষায় পরীক্ষার্থীর অংশগ্রহণের সংখ্যা: ২৫৪ জন
  - পরীক্ষায় উত্তীর্ণপরীক্ষার্থীকে মূল সনদ প্রদানঃ ২২২ জন

- প্রতিবেদনাধীন সময়ে বাপশনিক কর্তৃক বিজ্ঞান বিষয়ক সেমিনার, বক্তৃতামাল ও কর্মশালার আয়োজন করা হয়েছে। বিগত বছরে বাপশনিক এর সাত (০৭) জন বিজ্ঞানী/প্রকৌশলী ধারাবাহিক ভাবে নির্ধারিত তারিখে বাপশনিক এর কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সেমিনার প্রদান করেন।

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

## পারমাণবিক নিরাপত্তা, সুরক্ষা ও সেফগার্ড বিভাগ এর কার্যাবলী:

- ২২-২৪ জুলাই ২০১৯ খ্রি. তারিখে বাপশনিক এর ০১ (এক) জন সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প সরেজমিনে Regulatory Inspection কার্যক্রম পরিচালনা করেন।
- ১১ জুলাই ২০১৯ খ্রি. তারিখে IAEA-এর IRRS Mission এর Self-Assessment-এর জন্য Follow-Up হিসেবে IAEA-এর ২ (দুই) জন Expert এর সাথে বাপশনিক এর IRRS Mission সম্পর্কিত Team এর IRRS Module বিষয়ে Video Conference অনুষ্ঠিত হয়।
- ২১-২৫ জুলাই ২০১৯ খ্রি. তারিখে IAEA-এর IRRS Mission সংক্রান্ত Module-4: Management System for the Regulatory Body এর উপর এক (০১) জন RussianExpert এর সহায়তায় বিভিন্ন Question-এর প্রাথমিক Answering কার্যক্রম সম্পাদন করা হয়।
- ২৫-২৮ আগষ্ট ২০১৯ খ্রি. তারিখে IAEA-এর IRRS Mission সংক্রান্ত Module-5: Authorization-এর উপর দুই (০২) জন Russian Expert-এর সহায়তায় বিভিন্ন Question-এর প্রাথমিক Answering কার্যক্রম সম্পাদন করা হয়।
- ২৬-২৮ আগষ্ট ২০১৯ খ্রি. তারিখে বাপশনিক এর একজন সদস্য মহোদয়ের নেতৃত্বে দুই (০২) জন সদস্যের একটি টিম Rooppur Nuclear PowerPlant প্রকল্প এলাকায় Regulatory Inspection কার্যক্রম সম্পাদন করেন।
- ৩০ অক্টোবর ২০১৯ খ্রি. ইং তারিখে IAEA তে Quarterly Safeguards Report প্রেরণ করা হয় (Bangladesh ও IAEA এর মধ্যে সম্পাদিত Safeguards Agreement এবং Protocol Additional to Safeguards Agreement অনুযায়ী)।
- গত ২৭-৩১ অক্টোবর, ২০১৯ খ্রি. তারিখে IAEA-এর IRRS Mission সংক্রান্ত বিভিন্ন Module-এর উপর Rostechnadzor এর ছয় (০৬) জন Russian Expert-দের সহায়তায় বিভিন্ন Question-এর প্রাথমিক Answering কার্যক্রম অনুমোদন করা হয়। উক্ত সভায় বাপশনিক এর বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানী এবং প্রকৌশলী উপস্থিত ছিলেন।
- বাপশনিক এর Regulatory Infrastructure Development-এর লক্ষ্যে প্রণীত DPP একনেক এর মিটিং-এ অনুমোদন লাভ করেছে।
- ২৮-৩০ জানুয়ারী, ২০২০ খ্রি. তারিখে ২০১৯-২০২০ সাল পর্যন্ত বাপশনিক এবং JSC "VO" Safety" এর মধ্যে রেগুলেটরি সহযোগিতামূলক চুক্তি (Contract No.2) চূড়ান্তকরণ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রাশিয়ান ফেডারেশনের JSC "VO" Safety" এর Expart-দের সমন্বয়ে ৪ সদস্যের একটি প্রতিনিধিদল অংশগ্রহণ করেন। বাপশনিক এর চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বাপশনিক এর সদস্যগণ এবং নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এন্ড সেফগার্ড বিভাগের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
- ২৭ জানুয়ারি - ০৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিয়ন্ত্রণমূলক কার্যক্রমের অংশ হিসেবে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প সাইটের

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Comprehensive RegulatoryInspection কার্যক্রম সম্পাদন করা হয়। উক্ত Regulatory Inspection-এ রাশিয়ান ফেডারেশনের Regulatory Authority ROSTECHNADZOR-এর ০৩ (তিন) জন বিশেষজ্ঞসহ বাপশনিক এর নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এন্ড সেফগার্ড বিভাগের পরিচালকসহ উক্ত বিভাগের সকল বিজ্ঞানী এবং প্রকৌশলী অংশগ্রহণ করেন।

- ২২-২৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে Russia-তে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের নেতৃত্বে "Bangladesh Delegationto visit the Manufacturing Activities of the Long Team Manufacturing Equipment (LTME) for the Construction of Rooppur Nuclear Power Plant in Russian Federation-এ বাপশনিক এর চেয়ারম্যান, প্রকৌঃ মোঃ মোজাম্মেল হক অংশগ্রহণ করেন।
- ২৪-২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে আর্মি গল্ফ ক্লাব, ঢাকা সেনানিবাস, ঢাকা-তে অনুষ্ঠিত IAEA Expert Mission on Nuclear Security Detection Architecture (NSDA) -এ বাপশনিক এর কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।
- ফ্রেরুয়ারী ২০২০ খ্রি. তারিখে IAEA-এর Deputy Director General (Nuclear Energy) Mr. Mikhail Chudakov এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যানসহ একটি প্রতিনিধি দল রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প সাইট পরিদর্শন কালে বিভিন্ন কর্মকান্ডের পাশাপাশি নিয়ন্ত্রনমূলক কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং ঢাকায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়ের অডিটরিয়ামে Nuclear Energy এর উপর অনুষ্ঠিত সেমিনারে অংশগ্রহন করেন।
- মার্চ ২০২০ খ্রি. তারিখে Rostechnadzor এর Deputy Head, Mr. Alexey Ferapontov বাংলাদেশ সফরকালে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যানের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের রেগুলেটরী কর্মকান্ড নিয়ে বিস্তারিত আলোচনা হয়।
- মার্চ ২০২০ খ্রি. তারিখে ROSATOM এর Director General, Mr. Alexey Likhachev এর নেতৃত্বে রাশিয়ান ফেডারেশনের উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদল বাংলাদেশ সফরকালে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় স্থপতি ইয়াফেস ওসমান এর নেতৃত্বে গঠিত কমিটির সদস্য হিসেবে বাপশনিক এর চেয়ারম্যান দ্বি-পাক্ষিক সভায় অংশগ্রহন সহ মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে অনুষ্ঠিত আলোচনা সভায়ও অংশগ্রহন করেন। যৌথ আলোচনা সভায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শনসহ বিভিন্ন কর্মকান্ডের পাশাপাশি বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রর নিয়ন্ত্রণমূলক কার্যক্রম বিষয়ের উপর আলোচনা হয়।
- ১৫ মার্চ ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদুৎ কেন্দ্রের Unit-1-এর রিএ্যাক্টর বিল্ডিংসহ অন্যান্য বিল্ডিংসমূহের চলমান Construction কাজের পরবর্তী পর্যায়ের কাজসমূহ করার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (লাইসেন্সি)-কে অনুমোদন প্রদান করা হয়।
- ১৪-১৯ মার্চ ২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চলমান বার্ষিক উন্নয়ন প্রকল্প Nuclear Regulatory Infrastructure Development–এর আওতায় এনএসএসএসডি এবং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের IAEA- এর IRSSMission-এর

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

প্রস্তুতির জন্য রাশিয়ান ফেডারেশনের Rostechnadzor এর কারিগরী বিশেষজ্ঞদের সাথে বাপশনিক এর কার্যালয়ে একটি কর্মশালার আয়োজন।

- ২৯ মে ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হতে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদুৎ কেন্দ্রের Unit-2 এর রিএ্যাক্টর বিল্ডিংসহ অন্যান্য বিল্ডিংসমূহের চলমান Construction এর পরবর্তী পর্যায়ের কাজসমূহ করার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (লাইসেন্সি) কে অনুমোদন প্রদান করা হয়।
- রূপপুর NPP-এর Updated Preliminary Safety Analysis Report (PSAR)-এর Review and Assessment কার্যক্রম Rostechnadzor ও JSC "VO"Safety"-এর সহায়তায় চলমান।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ৪ (চার) জন জুনিয়র কনসালটেন্ট এর মাধ্যমে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রকল্প এলাকায় RNPP কনস্ট্রাকশন কার্যক্রমের নিয়ন্ত্রণমূলক তদারকি ও Regulatory Inspection চলমান।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Construction কার্যক্রমের অংশ হিসেবে 10 UJA ও 20UJA-এর structural Safety & Integrity relevant to Nuclear Safety বিষয়ক Reviewand Assessment কার্যক্রম Rostechnadzor ও JSC "VO"Safety"-এর সহায়তায় চলমান।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণকর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ৪ (চার) জন জুনিয়র কনসালটেন্ট এর মাধ্যমে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-০১ এবং ইউনিট-০২ -এর রিঅ্যাক্টর ভবনসহ অন্যান্য সহায়ক ভৌত ও অবকাঠামোগত উন্নয়নে নিয়ন্ত্রণমূলক তদারকি ও কাজের মান যাচাই কার্যক্রম চলমান।
- Rooppur NPP Units 1 & 2 এর Updated General Quality Assurance Program [QAP(G)] এর মূল্যায়ন সম্পাদন।
- এইআরই, সাভারে অবস্থিত 3 MW TRIGA MARK-II Center for Research Reactor (CRR)-এর ফ্যাসিলিটি চালনার লাইসেন্স নবায়ন।

**পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ এর কার্যাবলী:**

- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে বাস্তবায়নাধীন **"জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ"** শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ নয় কোটি তের লক্ষ টাকার মধ্যে অবমুক্তকৃত তিন কোটি ছিষট্টি লক্ষ টাকা যার মধ্যে জুন/২০২০ মাস পর্যন্ত ব্যয় তিনকোটি চৌদ্দ লক্ষ ছেচল্লিশ হাজার টাকা বিধায় আর্থিক অর্জন ৮৫.৯%। এছাড়া, প্রকল্পের আওতায় প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত কার্যক্রম সমূহ নিম্নরূপ-
  - পূর্ত কাজের জন্য Notification of Award (NOA) এবং কার্যাদেশ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে পূর্ত কাজের ক্ষেত্রে ১০ম তলা পর্যন্ত ছাদ ঢালাইসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রভাবে প্রকল্পের আওতায় ভৌত কার্যক্রমর অগ্রগতি ৮৩%।
  - বৈজ্ঞানিক যন্ত্রপাতির ক্রয়ের নিমিত্তে NOA এবং Contact Agreement প্রদান করা হয়েছে। ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

- প্রকল্পের আওতায় প্রতিবেদনাধীন অর্থ-বছরে প্রকল্পের আওতায় "Radiation Protection for Diagnostic Radiology Practices in Bangladesh" বিষয়ক মোট ০৬ টি আভ্যন্তরীন প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা হয়েছে । বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রভাবে প্রকল্পের আওতায় নির্ধারিত আভ্যন্তরীন প্রশিক্ষণ ও বৈদেশিক প্রশিক্ষণ স্থগিত রয়েছে।
  উল্লেখ্য যে, জুন/২০২০ থেকে প্রকল্পের আওতায় পূর্ত কার্যক্রম পুনরায় স্বাস্থ্যবিধি মেনে চালু করা হয়েছে।
- জুলাই/২০১৯- জুন/২০২০ খ্রি. পর্যন্ত প্রকল্পের আওতায় "Radiation Protection for Diagnostic Radiology Practices in Bangladesh" বিষয়ক ০৬ (ছয়)টি প্রশিক্ষণে মোট ১৭৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং উক্ত মেয়াদে প্রকল্পের আওতায় ২৩৯ টি বিকিরণ স্থাপনা পরিদর্শন করা হয়।

## বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ এর কার্যাবলী:

- ০২-০৬ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখে পরিচালক, বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ, বাপশনিক এর নেতৃত্বে "Regional Meeting on the Information Management System (IMS) within Regulatory Bodies" বিষয়ে একটি আন্তর্জাতিক কর্মশালা ঢাকায় অনুষ্ঠিত হয় ।

- RNPP এর Constuction Site এ NDT কাজের জন্য Radioactive সোর্স ও এক্স-রে মেশিন আমদানি করার উদ্দেশ্যে Public Joint Stock Company (PJSC "Energospetsmontazh") কে বাপশনিক এর এর বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ হতে আমদানি রপ্তানি লাইসেন্স ('ঙ' শ্রেণি) প্রদান করা হয়।

- RNPP এর Construction Site এ Industrial Radiographic কাজে এক্স-রে মেশিন (Model: MART-250) ব্যবহারের জন্য আমদানির নিমিত্তে Public Joint Stock Company (PJSC "Energospetsmontazh") কে আমদানী নীতিমালা ২০১৫ এর আওতায় বাপশনিক এর বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ হতে Technical Evaluation এর মাধ্যমে গত ২৬-০৯-২০১৯ইং তারিখে কাস্টমস ছাড়পত্র প্রদান করা হয়।

- DHL Worlwide Express (Bangladesh) Pvt. Ltd., Dhaka এর এক্সপোর্ট পারসেলের কাজে ব্যবহৃত BaggageScanner মেশিনটির বিকিরণ সুরক্ষা এবং নিরাপত্তার বিভিন্ন দিক যাচাই এর নিমিত্তে বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ এর কর্মকর্তাগণ গত ০৯-০১-২০২০ তারিখে প্রতিষ্ঠানটির পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করেন। তাছাড়া, আবেদনের উপর ভিত্তি করে প্রতিবেদনাধীন অর্থ-বছরে এ ধরণের আরও BaggageScanner এর পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়।

- Saj Engineering and Trading Company, Mirpur, Dhaka এর ইন্ডাসট্রিয়াল রেডিওগ্রাফির কাজে ব্যবহৃত Ir-192 সোর্স এর ফেরতযোগ্য ট্রান্সপোর্ট প্রজেক্টরটি (Decaysource সহ) বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ এর কর্মকর্তাগণ কর্তৃক জনসাধারন ও বিকিরণকর্মীর নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে গত ১২-১১-২০১৯ তারিখে প্রতিষ্ঠানটির পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করেন। তাছাড়া, আবেদনের উপর ভিত্তি করে

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

প্রতিবেদনাধীন অর্থ-বছরে আরও ফেরতযোগ্য খালি কন্টেইনার, ক্ষয়প্রাপ্ত সোর্সসহ কন্টেইনার এবং ক্ষয়প্রাপ্ত সোর্সসহ প্রজেক্টর পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়।

- National Telecommunication Monitoring Center (NTNC), তেজগাওঁ, ঢাকা এর নিরাপত্তা স্ক্রিনিং (Security Screening) এর কাজে ব্যবহৃত Vehicle Scanner টির বিকিরণ নিরাপত্তার বিভিন্ন দিক যাচাই এর মাধ্যমে বিকিরণকর্মী, জনসাধারণ ও পরিবেশের বিকিরণ সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে গত ০৯-১২-২০১৯ খ্রি. তারিখে বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ এর কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়। তাছাড়া, আবেদনের উপর ভিত্তি করে প্রতিবেদনাধীন অর্থ-বছরে এ ধরণের আরও VehicleScanner এর পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়।

- RenetaLimited, Mirpur, Dhaka এর Drug Substances এবং Drug products এর Analysis এর কাজে ব্যবহৃত X-ray Diffractometer (XRD) System টির বিকিরণ নিরাপত্তার বিভিন্ন দিক যাচাই এর মাধ্যমে বিকিরণকর্মী, জনসাধারণ ও পরিবেশের বিকিরন সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে গত ৩০-১০-২০১৯ খ্রি. তারিখে বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ এর কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়। তাছাড়া, আবেদনের উপর ভিত্তি করে প্রতিবেদনাধীন অর্থ-বছরে এ ধরণের আরও X-ray Diffractometer (XRD) System পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়।

- প্রতিবেদনাধীন অর্থ-বছরে আবেদনের উপর ভিত্তি করে বিভিন্ন ধরণের বিকিরণ সংশ্লিষ্ট মেশিন, স্ক্যানার এবং বিকিরণ সোর্স এর বিকিরণ নিরাপত্তার বিভিন্ন দিক যাচাই এর পরিদর্শন কার্যক্রম বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগের কর্মকর্তাগণ দ্বারা নিয়মিতভাবে পরিচালিত হয়।

- MT Producer নামক আমদানিকৃত স্ক্র্যাপ জাহাজের সন্দেহজনক Naturally Occurring Radioactive Material (NORM) এর উপস্থিতি সনাক্তকরণের লক্ষ্যে মহামান্য হাইকোর্টের নির্দেশনার আলোকে পরিবেশ, জনসাধারনের বিকিরণ সুরক্ষা নিশ্চিতের জন্য গত ২২-২৬ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখে সম্পূর্ণ জাহাজের বিকিরণ সার্ভে কার্যক্রম সম্পন্ন করে পূর্ণাঙ্গ প্রতিবেদন শিল্প মন্ত্রণালয় ও হাইকোর্টে প্রেরণ করা হয়েছে।

- বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসহ স্থল ও সমুদ্র বন্দরে বিষ্ফোরক ও চোরাচালান/অবৈধ দ্রব্যের সনাক্তকরণ কাজে ব্যবহৃত Vehicle Scanner/ Luggage Scanner থেকে নির্গত বিকিরণ রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে জনসাধারন, বিকিরণ কর্মী ও পরিবেশের সুরক্ষা নিশ্চিত করার জন্য বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ দ্বারা প্রতিবেদনাধীন অর্থ-বছরে নিয়মিতভাবে রেগুলেটরি কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

- বিভিন্ন গবেষণা ও মান নিয়ন্ত্রণ প্রতিষ্ঠানের মৌল সনাক্তকরণ ও পণ্যের মান নির্ণয় কাজে X-RF, X-RD ও ECD মেশিনের বিকিরণ সুরক্ষা নিশ্চিত করার জন্য বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ দ্বারা প্রতিবেদনাধীন অর্থ-বছরে নিয়মিতভাবে রেগুলেটরি কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

- রেডিওফার্মাসিউটিক্যাল ব্যবহার করে মানবদেহের বিভিন্ন organ এর cell এর কার্যকারিতা নিরূপণ করার জন্য দেশব্যাপী বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যবহৃত PET/CT মেশিন এর বিকিরণ নিরাপত্তার বিভিন্ন দিক যাচাই এর লক্ষ্যে বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ দ্বারা প্রতিবেদনাধীন অর্থ-বছরে নিয়মিতভাবে রেগুলেটরি পরিদর্শন কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

- RNPP এর Construction Site এ NDT কাজের জন্য সোর্স ও এক্স-রে মেশিন আমদানি করার উদ্দেশ্যে Joint Stock Company "Atomstroyexport" এর অনুকূলে বাপশনিক এর বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ হতে আমদানি রপ্তানি লাইসেন্স ('ঙ' শ্রেণি) প্রদান করা হয়।

- RNPP এর Construction Site এ Joint Stock Company "Atomstroy export" কর্তৃক আমদানিকৃত সোর্স Ir-192 সংরক্ষণের জন্য Radioactive Isotope Storage pit সহ সকল কার্যক্রম বাপশনিক এর বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ হতে একটি প্রতিনিধি দল গত ২৩-০৭-২০১৯ইং তারিখে পরিদর্শন করে।

- RNPP এর Construction Site এ Joint Stock Company "Atomstroyexport" কর্তৃক অভ্যন্তরিনভাবে ক্রয়কৃত Projector (Model: Delta-880) এর ব্যবহারিক লাইসেন্স (শ্রেণি-ক) প্রদানের উদ্দেশ্যে এর সকল কার্যক্রম বাপশনিক এর বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ হতে একটি প্রতিনিধি দল গত ১০-০৯-২০১৯ইং তারিখে পরিদর্শন করেন।

- RNPP এর Construction Site এ Joint Stock Company "Atomstroyexport" কর্তৃক আমদানিকৃত সোর্স Ir-192 সহ Projector (Model: Delta-880) এর ব্যবহারিক লাইসেন্স (শ্রেণি-ক) প্রদান করা হয়।

- বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত সোর্স (Ir-192, Cs-137, Co-60 ইত্যাদি) সংরক্ষণের জন্য Radioactive Isotope Storage pit এর বিকিরণ সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে বাপশনিক এর বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ কর্তৃক দেশব্যাপী রেগুলেটরী পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং এই পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সারা বছরব্যাপী চলমান থাকে।

- বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত সোর্স ব্যবহারের পর ক্ষয়প্রাপ্ত সোর্স এবং খালি কন্টেইনার রপ্তানির সময় বিমান, স্থল ও সমুদ্র বন্দরে উক্ত ক্ষয়প্রাপ্ত সোর্স ও খালি কন্টেইনারের বিকিরণ সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে বাপশনিক এর বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ কর্তৃক রেগুলেটরী পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং এই পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সারা বছরব্যাপী চলমান থাকে।

- বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ড্রেজার মেশিন এর মাধ্যমে বিভিন্ন নদীর ড্রেজিং কাজে ব্যবহৃত বিভিন্ন Radioactive Souce ব্যবহারের ক্ষেত্রে বিকিরণ সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে বাপশনিক এর বিকিরণ, পরিবহণ ও বর্জ্য নিরাপত্তা বিভাগ কর্তৃক রেগুলেটরী পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

- বিকিরণের ক্ষতিকর দিক এবং সুরক্ষার উপায় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাপশনিক এর বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ কর্তৃক বিকিরণ সচেতনতামূলক ২টি পোস্টার প্রণয়নপূর্বক সেবাগ্রহীতাদের মাঝে বিতরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

- ০১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ পর্যন্ত বর্ণিত বিভাগ কর্তৃক লাইসেন্স, পারমিট ও এনওসি প্রদান, পরিদর্শন এবং সংশ্লিষ্ট কার্যক্রম:
    - এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকান্ডের নতুন লাইসেন্স: ৪৩১ টি
    - নবায়নকৃত লাইসেন্স: ১৩৭৫ টি
    - আমদানি/রপ্তানী পারমিট ও এনওসি প্রদান: ৪১৩ টি
    - আরসিও (RCO)নতুন সনদ: ৩২৮ টি
    - আরসিও (RCO)নবায়নকৃত সনদ প্রদান: ৩৫২ টি
    - এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকান্ডের পরিদর্শন: ২৭৭ টি

## কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণ বা পদ্ধতি:

বর্তমানে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিয়োগকৃত সর্বমোট ৪৯ জন কর্মকর্তা-কর্মচারীকে বাপশনিক এর কাজের ব্যপ্তি ও গুরুত্ব বিবেচনায় ০৪টি (প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ, পারমাণবিক নিরাপত্তা, সুরক্ষা ও সেফগার্ড বিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ) বিভাগে পদস্থ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ৪৬ জন কর্মকর্তা/কর্মচারী বাপশনিক এ স্ব-বেতনে কর্মরত আছে।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২-এর ধারা ১১ ও পানিবিনি বিধিমালা-১৯৯৭ অনুযায়ী বাপশনিক এর কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করনে।

## বাপশনিক এর আইন, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়্যাল এর তালিকা ও রক্ষিত তথ্যসমূহের শ্রেণীবিন্যাস:

**আইন** : বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন);

**বিধিমালা** : পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা ১৯৯৭ (এস আর ও নম্বর ২০৫- আইন/৯৭ ইং);

**প্রবিধানমালা**: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চাকুরী প্রবিধানমালা ২০১৭ ( ১৮ মে ২০১৭ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপিত);

**নীতিমালা** : বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নৈতিক নীতিমালা (ফেব্রুয়ারি ২০১৮ তারিখে প্রকাশিত);

**নির্দেশিকা** : বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৮ (হালনাগাদকৃত ২০২০)।

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

**বাপশনিক এর নিকট হতে কোন ব্যক্তি যে সকল শর্তে লাইসেন্স, পারমিট, অনুদান, বরাদ্দ, সম্মতি, আনুমোদন বা অন্য কোন প্রকার সুবিধা গ্রহণ করতে পারবেন তার বিবরণ এবং উক্তরূপ শর্তের কারণে তাদের সাথে কোন প্রকার লেনদেন বা চুক্তি সম্পাদনের প্রয়োজন হলে তার বিবরণ:**

**লাইসেন্সের গ্রহণের শর্ত:**

- চেয়ারম্যান, বাপশনিক-এর বরাবরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী লাইসেন্স গ্রহণের আবেদন;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১০ অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ সংশ্লিষ্ট কর্মকান্ডের যৌক্তিকতা;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ৪.১ হতে ৪.৮ এ প্রদত্ত শ্রেণীভেদে বর্ণিত ফরমে আবেদন;
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য তফসিল ৬ এ বর্ণিত নির্ধারিত ফী;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১০.১ (ঘ) অনুযায়ী নিরাপত্তা ও নিয়ন্ত্রণ এর শর্তাবলী;
- বিধি ১০.১ এর (ঙ) অনুযায়ী আর্থিক সঙ্গতি, (চ) অনুযায়ী দক্ষ ও যোগ্য মানবসম্পদ এবং
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য আইন ও বিধিমালা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্ট ও বাপশনিক কর্তৃক আরোপিত নিউক্লীয় ও বিকিরণ সংশ্লিষ্ট অন্যান্য সকল শর্ত মেনে চলা।

**পারমিট গ্রহণের শর্ত:**

- চেয়ারম্যান, বাপশনিক-এর বরাবরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা , ১৯৯৭ অনুযায়ী পারমিট গ্রহণের আবেদন;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১১.২ অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ সংশ্লিষ্ট উৎসের আমদানী ও রপ্তানী পারমিটের প্রযোজ্য চাহিদা;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ১৮ এ প্রদত্ত ফরমে আবেদন;
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য তফসিল ৭ এ বর্ণিত নির্ধারিত ফী;

**এন ও সি গ্রহণের শর্ত:**

নিম্নোক্ত শর্তে কাস্টমস থেকে খালাসের জন্য এন ও সি গ্রহণ করতে হয়;

- বিকিরণ উৎপন্ন করে না কিন্তু বিকিরণ যন্ত্রের সাথে সংশ্লিষ্ট মেশিনসমূহ;
- Spent Radioactive Sources;
- Empty Trasport Container;
- Film Auto Processor Radiographic Equipment ইত্যাদি যা বিকিরণ সংশ্লিষ্ট নয়।

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

**নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত, কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা:**

নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর ও ই মেইল ঠিকানাঃ

| ক্র. নং | সংস্থার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল নম্বর | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|---|---|
| আপীল কর্মকর্তা | | | | |
| ১। | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | প্রকৌঃ মোঃ মোজাম্মেল হক<br>চেয়ারম্যান | টেলিফোন : ৮৮-০২- ৮১৮১৯২২<br>৮৮-০২- ৮১৮১৩৮৬<br>মোবাইল : ০১৮১৯-২৪৭৫৭৭<br>ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫<br>ই-মেইল:<br>chairman@baera.gov.bd<br>mmhaque00@yahoo.com | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | | | | |
| ২। | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | মোঃ আফছার উদ্দিন<br>উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা | টেলিফোন : ৮৮-০২-৮১৮১০৪০<br>মোবাইল : ০১৬৮৩-৮৫৭১৫২<br>ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫<br>ই-মেইল:<br>auddin@baera.gov.bd.com | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | | | | |
| | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) | মোঃ আইয়ুব আলী সেক<br>প্রশাসনিক কর্মকর্তা | টেলিফোন : ৮৮-০২-৮১৮১৯২২<br>মোবাইল : ০১৯১১-৭০৭০৩২<br>ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫<br>ই-মেইল:<br>aiubsheak@gmail.com | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ২০১৯-২০ অর্থবছরে গুরুত্বপূর্ণ কার্যাবলীর ছবি:

০৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়ের অডিটরিয়ামে Nuclear Energy এর উপর অনুষ্ঠিত সেমিনার যেখানে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন IAEA-এর Deputy Director General (Nuclear Energy) Mr. Mikhail Chudakov ।

ফেব্রুয়ারী ২০২০ খ্রি. তারিখে IAEA-এর Deputy Director General (Nuclear Energy) Mr. Mikhail Chudakov, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়সহ মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ও NPCBL এর প্রতিনিধি এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যানসহ একটি প্রতিনিধি দল কর্তৃক রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প সাইট পরিদর্শন।

IAEA-এর Deputy Director General (Nuclear Energy) Mr. Mikhail Chudakov এর সাথে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যানসহ কমিশনের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত সভা।

মার্চ ২০২০ খ্রি. তারিখে ROSATOM এর Director General, Mr. Alexey Likhachev এর নেতৃত্বে রাশিয়ান ফেডারেশনের উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধিদল কর্তৃক বাংলাদেশ সফরকালে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় স্থপতি ইয়াফেস ওসমান এর নেতৃত্বে গঠিত কমিটির সাথে অনুষ্ঠিত দ্বি-পাক্ষিক সভা।



প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

IAEA-এর Deputy Director General (Nuclear Energy) Mr. Mikhail Chudakov এর সাথে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর চেয়ারম্যান মহোদয়ের অনুষ্ঠিত সভা।

রাশিয়ার মস্কোতে রাশিয়ান ফেডারেশনের Regulatory Authority ROSTECHNADZOR-এর বিশেষজ্ঞদের সাথে বাপশনিক এর বিজ্ঞানী/ প্রকৌশলীদের আয়োজিত যৌথ সভা।

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

IAEA-এর IRRS Mission সংক্রান্ত বিভিন্ন Module-এর উপর Rostechnadzor এর ছয় (০৬) জন Russian Expert-দের সাথে -বাপশনিক এর প্রধান কার্যালয়ে আয়োজিত যৌথ সভা

বাপশনিক এর প্রধান কার্যালয়ে VO "Safety" এর একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের সাথে আয়োজিত যৌথ সভা

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

০২-০৬ সেপ্টেম্বর, ২০১৯ ইং এ "Regional Meeting on the Information Management System (IMS) within Regulatory Bodies" বিষয়ে ঢাকায় অনুষ্ঠিত একটি আন্তর্জাতিক কর্মশালা

RNPP Construction Site এ NDT স্থাপনা পরিদর্শন শেষে পর্যালোচনা সভা

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

৩০ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি. তারিখে বাপশনিক এ অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক কর্মশালা

২৬-২৭ জানুয়ারি খ্রি. তারিখে **"জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ"** প্রকল্পের আওতায় অনুষ্ঠিত ডায়গনস্টিক রেডিওলজী স্থাপনায় কর্মরত বিকিরণ কর্মীদের বিকিরণ সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭